

“শেখ হাসিনার বারতা,  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় মহিলা সংস্থা  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০২.০০০০.০০৪.১৮.০১৬.২৩(অংশ নথি)-১৩৭৩(গ)

তারিখ: ২৬/০৫/২০২৪

বিষয়: ভূয়্যাপুর উপজেলা (টাংগাইল) কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ কার্যক্রম নম্বর-১.২ অর্থ্যাৎ রাজস্ব বাজেটের  
আওতায় মহিলাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রমের “ই-মনিটরিং” প্রতিবেদন:

স্মারক নং-৩২.০২.০০০০.০০৪.১৮.০১৬.২৩(অংশ নথি)-১৩৬২(১১) তারিখ: ২৫/০৫/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্র পত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় মহিলা সংস্থা, ভূয়্যাপুর উপজেলা (টাংগাইল) কার্যালয়ের ২০২৩-২০২৪  
অর্থবছরের এপিএ কার্যক্রম নম্বর-১.২ অর্থ্যাৎ রাজস্ব বাজেটের আওতায় মহিলাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রমের ই-মনিটরিং  
কার্যক্রম ২৫/০৫/২০২৪ তারিখ বেলা ১১.০০ টায় “সেলাই প্রশিক্ষণ” কার্যক্রমের ই-মনিটরিং করা হয়।


#### উক্ত ই-মনিটরিংকালে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:

২। পরিদর্শনকালে দেখা যায় যে, ভূয়্যাপুর উপজেলা (টাংগাইল) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ আবু নাছের খান  
(মাঠ সমন্বয়কারী), নাজনীন পারভীন(ট্রেড প্রশিক্ষক), শাহীনা খাতুন(ট্রেড প্রশিক্ষক গণশিক্ষা), এবং মোঃ আলী খানসুর(অফিস  
সহায়ক) উপস্থিত ছিলেন।

২৫/০৫/২০২৪ তারিখ অনলাইন WhatsApp ভিডিও এর মাধ্যমে প্রশিক্ষণ ক্লাস ও অফিস পরিদর্শন করা হয়। এ সময়  
প্রশিক্ষণার্থীদের সঙ্গে মতবিনিয় করা হয়। উক্ত প্রশিক্ষণে তারা সন্তোষ প্রকাশ করেন। ভবিষ্যতে উদ্যোক্তা হতে চান। এ সময় ক্লাসে  
মোট ২৫ জন প্রশিক্ষণার্থী উপস্থিত ছিলেন। দুই শিফটে ১৫+১৫ জন করে মোট ৩০ জনের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। ২০২৩-  
২০২৪ অর্থ বছরে চার মাস মেয়াদী ৩টি ব্যাচে মোট ৯০ জনকে সেলাই প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ৬০ জনকে  
প্রশিক্ষণ দেয়া হয়েছে। আরও ৩০ জনের সেলাই প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং ট্রেড প্রশিক্ষককে এপিএ  
কার্যক্রম নম্বর-১.২ অর্থ্যাৎ রাজস্ব বাজেটের আওতায় মহিলাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম শতভাগ অর্জন করার তাগিদ দেয়া  
হয়।

সুপারিশ: ১। অফিস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং সিটিজেন চার্জার অনুযায়ী সেবা প্রত্যাশীদের সেবা প্রদান করার পরামর্শ দেয়া হয়।  
২। হাজিরা খাতা, ক্যাশ বই, লেজার বই এবং বিভিন্ন ক্রয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার পরামর্শ দেয়া হয়।  
৩। অফিসের সরঞ্জাম, সেলাই মেশিন, আসবাবপত্র, কম্পিউটার যন্ত্রাণাংশসহ অন্যান্য গুরুত্বপূর্ণ নথিপত্র সঠিকভাবে  
সংরক্ষণ করার পরামর্শ দেয়া হয়।

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর  
নাম ও পদবী

  
আবদুল হুসেইন  
জেলা কর্মকর্তা  
প্রশাসন শাখা (সংযুক্ত)  
জাতীয় মহিলা সংস্থা

#### অনুলিপি: (কার্যার্থে)

- ১। জাতীয় মহিলা সংস্থার, এপিএ টিম লিডার
- ২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা
- ৩। মনিটরিং অফিসার
- ৪। চেয়ারম্যান/নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।